

[অথবা], 'অরণ্যের অধিকার কৃষ্ণ-ভারতের আদি অধিকার।' — তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

(গ) '... আমার পরমায়ুর সমস্ত দিন-রাত্রির মধ্যে সেই একটিনাত্র রাত্রিই আমার তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা।' — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

[অথবা], 'মাবের থেকে সিতাংশুর লেখা এই চিঠিগুলি আমারই চিঠি হয়ে উঠল.....' — অংশটি কোন্ গল্পের অংশ? বক্তা কে? সিতাংশুর লেখা চিঠিগুলি কীভাবে বক্তার নিজের হয়ে উঠল? ১+১+৩

(ঘ) 'কি এ-সুখ তাঁর অদৃষ্টে টিকিল না।...' — উদ্দিষ্ট ব্যক্তিটি কে? কোন্ সুখ তাঁর অদৃষ্টে কেন টিকিল না? ১+১+৩

[অথবা], 'সিংহের চোখে জল।' — 'সিংহ' বলতে কাকে বোঝানো হয়েছে? তাঁর চোখে জল কে লক্ষ্য করলেন? এই জলের কারণ কী? ১+১+৩

(ঙ) 'আর কোনদিন আমি ও-বাড়ি যাইনি।' — 'ও-বাড়ি' বলতে কাদের বাড়ি বোঝানো হয়েছে? বক্তার ও-বাড়িতে আর যাওয়া হয়নি কেন? ১+৪

[অথবা], 'আমি সত্যিই খ্রিস্টান নাই গো বাপু।' — কার উক্তি? এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

সপ্তম পত্র — ২০১১

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ, ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে ১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) প্রবন্ধ বলতে কী বোঝো? প্রবন্ধের শ্রেণীবিভাগ করে তাদের পার্থক্য বুঝিয়ে দাও। ৩+৭

(খ) পত্রসাহিত্য কাকে বলে? উদাহরণসহ পত্রসাহিত্যের আলোচনা করো। ৩+৭

(গ) কোন্ কোন্ বৈশিষ্ট্যের কারণে ডায়ারিকে সাহিত্য-পদবাচ্য বলে বিবেচনা করা যায়? উদাহরণসহ আলোচনা করো। ৩+৭

(ঘ) সংক্ষিপ্ত পরিচয় দাও : (যে কোনো দুটি) ৫+৫

(অ) ভ্রমণ সাহিত্য, (আ) রম্য রচনা (ই) বস্তুনিষ্ঠ প্রবন্ধ

২। (ক) 'বিড়াল' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও। ১৫
[অথবা], 'কমলাকান্তের দপ্তর'-এ হাস্যরস সৃষ্টিতে লেখকের নৈপুণ্য বিচার করো। ১৫

৩। (ক) 'ছিন্নপত্র'-এর পাঠ্য পত্র অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১৫

[অথবা], (খ) রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-এর চিঠিগুলির সঙ্গে, তাঁর লেখা সমকালীন কবিতার যোগসূত্র আলোচনা করো। ১৫

৪। (ক) “সব ছবিরই দুটো দিক থাকে, বলবার কথা আর বলবার ভাষা” — লেখক ‘বলবার কথা’ এবং ‘বলবার ভাষা’ - কে কী ভাবে বুঝিয়েছেন, তা নিজের ভাষায় লেখো। ৮+৭

[অথবা], “..... স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরেই শিক্ষার বাহন হিসাবে মাতৃভাষা ব্যবহারের সময় এসে গেছে” -কোন প্রসঙ্গে লেখক এই কথা বলেছেন? বিদেশি ভাষায় শিক্ষা গ্রহণ করার কোন অসুবিধার কথা লেখক উল্লেখ করেছেন? মাতৃভাষা ব্যবহার প্রসঙ্গে লেখক জাপানের যে অভিজ্ঞতার কথা বলেছেন, তা সংক্ষেপে লেখো। ৩+৪+৮

৫। (ক) “রূপকথার বিরুদ্ধে প্রাপ্তবয়স্কদের প্রধান অভিযোগ — ইহার অলীকতা ও অবাস্তবতা”। — লেখক কীভাবে এই অভিযোগের খণ্ডন করেছেন তা লেখো। মানুষের জীবনে রূপকথার প্রভাব সম্পর্কে লেখকের মতামত ব্যক্ত করো। ১০+৫
[অথবা], ‘ঈশ্বরচন্দ্র গুপ্ত’ প্রবন্ধে লেখক যেভাবে সংশ্লিষ্ট কবির কাব্য-কৃতির মূল্যায়ন করেছেন তা নিজের ভাষায় লেখো। ১৫

৬। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে মানবতাবাদী চেতনা

(খ) মধুসূদনের কাব্যে নারী

(গ) রবীন্দ্রনাথের ছোটগল্প

(ঘ) বাংলার লোকায়ত সাহিত্য

(ঙ) দুই বিশ্বযুদ্ধ মধ্যবর্তীকালের বাংলা কবিতা

(চ) বাংলা কথাসাহিত্যে দেশভাগ ও দাস্তা

(ছ) উনিশ শতকের বাংলা নাটক

অষ্টম পত্র — ২০১১

পূর্ণমান—১০০

[নতুন (১+১+১) পাঠক্রম অনুসারে]

১৫ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ, ১০ নম্বরের প্রশ্নে ২০০ শব্দ ও ৫ নম্বরের প্রশ্নে

১০০ শব্দের মধ্যে উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) কালিদাস রচিত যে-কোনো দুটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর মূল্যায়ন করো। ১৫

(খ) গীতগোবিন্দম্ কাব্য সম্পর্কে তোমার অভিমত জানিয়ে বাংলা সাহিত্যের ইতিহাসে গ্রন্থটির প্রভাব বিষয়ে আলোচনা করো। ১০+৫

(গ) বাণভট্ট সংস্কৃত সাহিত্যের কোন শাখা অবলম্বনে সাহিত্যসৃষ্টি করেছিলেন? তাঁর রচিত গ্রন্থগুলির নাম কী? বাণভট্টের কবি প্রতিভার পরিচয় দাও। ১+২+১২

২। যে-কোনো একটি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো : ৫

মেঘদূত, মালতীমাধব, মুচ্ছকটিক, মহাবীরচরিত, ঋতুসংহার।